

স্মারক সংখ্যা: ০৫.৪৪.৪১০০.০০৪.০৬.০৩৮.২৪. ৫০৭ (২০)

তারিখ: ০২ জ্যৈষ্ঠ ১৪৩১
১৬ মে ২০২৪

গণবিজ্ঞপ্তি

এতদ্বারা জানানো যাচ্ছে যে, নির্বাচন কমিশন সচিবালয়ের ০৯-০৫-২০২৪ খ্রিষ্টাব্দ তারিখের ১৭.০০.০০০০.০৭৯.৪০.০০৪.২৪-২৯২ নং স্মারকের পরিপ্রেক্ষিতে ৬ষ্ঠ উপজেলা পরিষদের ২য় ধাপের উপজেলা পরিষদের সাধারণ নির্বাচন আগামী ২১ মে ২০২৪ খ্রিষ্টাব্দ তারিখ অনুষ্ঠিত হবে। উক্ত নির্বাচন উপলক্ষ্যে যশোর জেলার চৌগাছা, ঝিকরগাছা ও শার্শা উপজেলায় ভোটগ্রহণ সুষ্ঠু, সুন্দর, অবাধ ও শান্তিপূর্ণভাবে অনুষ্ঠানের লক্ষ্যে নির্ধারিত দিবসের পূর্ববর্তী মধ্যরাত অর্থাৎ ২০ মে ২০২৪ খ্রিষ্টাব্দ তারিখ দিবাগত মধ্যরাত ১২:০০ টা হতে ২১ মে ২০২৪ খ্রিষ্টাব্দ তারিখ মধ্যরাত ১২:০০ টা পর্যন্ত নিম্নবর্ণিত শর্তে নিম্নোক্ত যানবাহন চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করিলাম।

(১) ট্যাক্সি ক্যাব	(২) পিক আপ	(৩) মাইক্রোবাস	(৪) ট্রাক
--------------------	------------	----------------	-----------

২। সেই সাথে ১৯ মে ২০২৪ খ্রিষ্টাব্দ তারিখ দিবাগত মধ্যরাত ১২:০০ টা হতে ২২ মে ২০২৪ খ্রিষ্টাব্দ তারিখ মধ্যরাত ১২:০০ টা পর্যন্ত মোটর সাইকেল চলাচলের উপর নিষেধাজ্ঞা বলবৎ থাকবে।

৩। উপরোল্লিখিত নিষেধাজ্ঞা নিম্নবর্ণিত ক্ষেত্রে শিথিলযোগ্য:

ক) আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী, সশস্ত্র বাহিনী, প্রশাসন ও অনুমতিপ্রাপ্ত পর্যবেক্ষক;

খ) জরুরি সেবা কাজে নিয়োজিত যানবাহন এবং ঔষধ, স্বাস্থ্য-চিকিৎসা ও অনুরূপ কাজে ব্যবহৃত দ্রব্যাদি ও সংবাদপত্র বহনকারী সকল ধরনের যানবাহন;

গ) এ নিষেধাজ্ঞা রিটার্নিং অফিসারের অনুমতি সাপেক্ষে প্রতিদ্বন্দ্বী প্রার্থী/তাদের নির্বাচনী এজেন্টের ক্ষেত্রে শিথিলযোগ্য;

ঘ) নির্বাচনের সংবাদ সংগ্রহের কাজে নিয়োজিত দেশি/বিদেশি সাংবাদিক (পরিচয়পত্র থাকতে হবে), নির্বাচনের কাজে নিয়োজিত কর্মকর্তা-কর্মচারী, আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্য, নির্বাচনের বৈধ পরিদর্শক এবং কতিপয় জরুরি কাজ যেমন-এম্বুলেন্স, ফায়ার সার্ভিস, বিদ্যুৎ, গ্যাস, ডাক, টেলিযোগাযোগ ইত্যাদি কার্যক্রমে ব্যবহারের জন্য উল্লিখিত যানবাহন চলাচলের ক্ষেত্রে উক্ত নিষেধাজ্ঞা প্রযোজ্য হবে না;


ঙ) সাংবাদিক, পর্যবেক্ষক অথবা জরুরি কোন কাজে ব্যবহৃত মোটর সাইকেল রিটার্নিং অফিসারের অনুমোদন সাপেক্ষে চলাচলের অনুমতি প্রদান;

চ) নির্বাচন কমিশনের অনুমোদন সাপেক্ষে নির্বাচনী কাজে নিয়োজিত কর্মকর্তা/কর্মচারি অথবা অন্য কোন ব্যক্তির জন্য মোটর সাইকেল চলাচলের অনুমতি প্রদান এবং ;

ঝ) জাতীয় মহাসড়ক (Highways), বন্দরছাড়াও আন্তঃজেলা বা মহানগর থেকে বাহির বা প্রবেশের জন্য গুরুত্বপূর্ণ সড়ক, মহাসড়ক ও প্রধান প্রধান রাস্তার সংযোগ সড়ক বা উক্তরূপ সকল রাস্তায় নিষেধাজ্ঞা শিথিল করা হলো।

৪। উক্ত নিষেধাজ্ঞা অমান্যকারীর বিরুদ্ধে কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৫। জনস্বার্থে এ গণবিজ্ঞপ্তি জারি করা হলো।


(মোহাম্মদ আবরাউল হাছান মজুমদার)
জেলা ম্যাজিস্ট্রেট
যশোর
ফোনঃ ০২৪৭৭৭৬২৬৫২
E-mail : dcjessore@mopa.gov.bd

বিতরণ : জ্ঞাতার্থে ও কার্যার্থে:

- ১। পুলিশ সুপার, যশোর।
- ২। উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী রিটার্নিং অফিসার, চৌগাছা/ঝিকরগাছা/শার্শা, যশোর (তথ্যটি বহল প্রচারের অনুরোধসহ)।
- ৩। সিনিয়র তথ্য অফিসার, যশোর (তথ্যটি বহল প্রচারের জন্য অনুরোধসহ)।
- ৪। সিনিয়র জেলা নির্বাচন অফিসার, যশোর।
- ৫। সহকারী পরিচালক, বিআরটিএ, যশোর।
- ৬। অফিসার ইনচার্জ, চৌগাছা/ঝিকরগাছা/শার্শা থানা, যশোর।
- ৭। উপজেলা নির্বাচন অফিসার, চৌগাছা/ঝিকরগাছা/শার্শা, যশোর।
- ৮। সভাপতি/সাধারণ সম্পাদক, প্রেসক্লাব, যশোর।
- ৯। সভাপতি/সম্পাদক,
- ১০। -----
- ১১। অফিস কপি।